ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১০০

খোয়াই, ৩ অক্টোবর, ২০২৫

**খোয়াইয়ে শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন**

মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে গত ১ অক্টোবর সুর সম্রাট কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী অনুষ্ঠান উদযাপন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সদস্য পীযুষ কান্তি চৌধুরী, মহকুমা সংস্কৃতি উপদেষ্টা কমিটির সদস্য শুভম আইচ, নির্ঝর ভৌমিক, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সৌরপ্রতীম নাথ শর্মা প্রমুখ। অতিথিগণ কুমার শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানের উদ্বোধক শ্রী নাথ শর্মা বক্তব্য রাখতে গিয়ে কুমার শচীন দেববর্মণের জীবনী নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। স্বাগত ভাষন দেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুর পরিষদের শিক্ষা ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মৃত্যুঞ্জয় নাথ শর্মা।

*******